

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৩৯.০২০.১৭-১৩৫

তারিখঃ ০৪-০৩-২০১৮ খ্রিঃ


বিষয়ঃ বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস সমূহ কর্তৃক গৃহীতব্য কার্যক্রম।

সূত্রঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (প্রশাসন-১ শাখা) এর নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-৩২৯/১(১৫), তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন করায় আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবা সপ্তাহ উদযাপন উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও সকল জেলা-উপজেলা কার্যালয়ে নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

- ক) এ বিষয়ে দেশের সকল জেলা-উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীতব্য কার্যক্রমের সাথে সমন্বয় করে যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল জেলা ও উপজেলা কার্যালয়সমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ;
- খ) অধিদপ্তরের সকল কার্যালয়ে এ উপলক্ষে সফল আত্মকর্মা, যুব সংগঠন ও প্রশিক্ষিত যুবদের নিয়ে “বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণে যুব উন্নয়ন অধিদপ্তরের-ভূমিকা” শীর্ষক সেমিনার আয়োজন ;
- গ) প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদান ;
- ঘ) চলমান ব্যাচ সমূহে প্রশিক্ষণরত যুবদেরকে জেলা ও উপজেলা পর্যায়ে সফল আত্মকর্মা, সফল যুব সংগঠন কর্তৃক পরিচালিত কার্যক্রমসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ ;
- ঙ) ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত চলমান উপজেলাসমূহে উপকারভোগীদের জনসচেতনতা ও সামাজিক কর্মকাণ্ড পরিচালনায় উদ্বুদ্ধকরণ ;
- চ) টেকাব প্রকল্পের কর্মসূচিভুক্ত কম্পিউটার প্রশিক্ষণের ভ্যানসমূহ উপজেলা কার্যালয়ে প্রদর্শন।

উপর্যুক্ত কার্যক্রম মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



(মোঃ আনোয়ার হোসেন)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯৫৫৯৩৮৯

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।